

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৬২/২০১৭

তারিখ : ০২/১১/২০১৭খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

ASYCUDA World System ব্যবহার সংক্রান্ত জরুরী দৃষ্টি আকর্ষণ

সম্মানিত সদস্যদের প্রতি জরুরী দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি সংক্রান্ত শুষ্কায়ন কার্যক্রম ASYCUDA World System এর মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। ASYCUDA World System এ বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নোটিং করার জন্য কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষ কর্তৃক সিএন্ডএফ এজেন্টদের User ID ও Password প্রদান করা হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সিএন্ডএফ এজেন্টের User ID এবং Password এর তথ্য চুরি করে পণ্য চালান জালিয়াতি ও শুষ্ক ফাঁকির প্রবণতা বৃদ্ধি পেয়েছে। এক্ষেত্রে প্রত্যেক প্রত্যেক সি এন্ড এফ এজেন্টকে স্ব স্ব User ID এবং Password এর গোপনীয়তা ও নিরাপত্তা বিধান করতে হবে। নতুবা কোন সিএন্ডএফ এজেন্টের ID এবং Password ব্যবহার করে কোন অনিয়ম সংঘটিত হলে কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের বিরুদ্ধে লাইসেন্সিং বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, User ID এবং Password এর নিরাপত্তা বিধানের জন্য নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করার জন্য সম্মানিত সদস্যদের অনুরোধ করা হলো।

১. নিজস্ব কম্পিউটারের মাধ্যমে ASYCUDA World System এ বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নোটিং করা।
২. কোন কম্পিউটার দোকান থেকে বি/ই দাখিল না করা; বিশেষ করে আখ্ৰাবাদ, বারিক বিল্ডিং, ফকিরহাট এইসব এলাকায় অবস্থিত কম্পিউটার দোকান। এক্ষেত্রে User ID এবং Password এর তথ্য চুরি হওয়ার সম্ভাবনা থাকে।
৩. নিজের অফিস থেকে বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নোটিং করার ব্যবস্থা না থাকলে কাস্টম হাউস, চট্টগ্রাম ও সিইপিজেড কাস্টম হাউস, চট্টগ্রাম এ অবস্থিত এসোসিয়েশন কর্তৃক পরিচালিত সার্ভিস ডেস্ক এর মাধ্যমে বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নোটিং করা যেতে পারে।
৪. সার্ভিস ডেস্ক এর মাধ্যমে বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নোটিং করার ক্ষেত্রে User ID এবং Password লজমেন্ট স্লিপে না লিখে একটি সাদা কাগজে লিখে সার্ভিসে ডেস্কের কম্পিউটার অপারেটরকে প্রদান করা এবং নোটিং ও রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন হলে কাগজটি ছিড়ে ফেলতে হবে।
৫. নিয়মিত Password পরিবর্তন করা।

উপরোক্ত বিষয়সমূহ অনুসরণ করা না হলে এবং কোন সদস্য প্রতিষ্ঠানের User ID এবং Password এর তথ্য চুরি করে জাল-জালিয়াতি সংঘটিত হলে, এক্ষেত্রে এসোসিয়েশন থেকে সংশ্লিষ্ট সদস্য প্রতিষ্ঠানকে কোনরূপ সহযোগিতা প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক